

ইকেবুরুরো নিশিগুচি পার্ক-এ “মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৭” পালন  
উপলক্ষে বিজ্ঞপ্তি :

আগামী ২১ শে ফেব্রুয়ারী ২০১৭ তারিখে “মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-  
২০১৭” উদ্যাপন উপলক্ষে মান্যবর রাষ্ট্রদূত মহোদয়ের উপস্থিতিতে প্রভাত ফেরী ও ইকেবুরুরো নিশিগুচি  
পার্ক-এ স্থাপিত শহীদ মিনারের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। উক্ত অনুষ্ঠান উপলক্ষে পার্কের  
অভ্যন্তরে কোন ধরণের রান্না করা খাবার পরিবহন ও বিতরণ না করার জন্য তোশিমা সিটি কর্তৃপক্ষ  
অনুরোধ করেছেন। তারা আরো জানিয়েছেন যে, পাবলিক হেলথ সেন্টার এর অনুমতি ব্যতিত উক্ত পার্কে  
কোন প্রকার রান্না করা খাবার বিতরণ করা নিষেধ।

- ২। “মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৭” উদ্যাপন কালে পার্কের পরিষ্কার-  
পরিচ্ছন্নতা বজায় রাখা এবং তোশিমা সিটির উক্ত বিধি-নিষেধ প্রতিপালন করার জন্য উক্ত অনুষ্ঠানে  
অংশগ্রহনকারী সকলকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

১৬ ফেব্রুয়ারী ২০১৭  
বাংলাদেশ দূতাবাস

